গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটির ২৭ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত প্রথম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ।

সভাপতি : মোহাম্মদ আহসানুল জব্বার
মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
তারিখ ও সময় : ২৫ ফেব্রুয়ারি, ২০২১, বেলা ০৪.০০ ঘটিকা
সভার স্থান : প্রধান কার্যালয়ের সম্মেলন ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ি আলোচনার বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

০২। অত:পর পরিচালক(প্রশাসন) সভায় গত ২৭ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটির প্রথম সভার সিদ্ধান্তসমূহ অদ্যকার সভায় পাঠ করে শুনান। জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটির প্রথম সভার সিদ্ধান্তসমূহ যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরের কর্মকর্তাদেরকে নিম্নোক্তভাবে দায়িত্ব প্রদান করা হ'ল:

নং	আলোচ্য বিষয়	সভার সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের অনুকূলে আগ্নেয়াস্ত্র প্রদান	(ক) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত মাদকের বিরুদ্ধে 'জিরো টলারেন্স' বাস্তবায়নে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর / সকল আইন শৃংখলা রক্ষাকারী সংস্থা।	পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা / প্রশাসন/ নিরোধ শিক্ষা/ চিকিৎসা ও পুর্নবাসন)
		(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদকবিরোধী অভিযান পরিচালনাকারী কর্মকর্তা-কর্মচারীদের অস্ত্র প্রদানের জন্য সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি পরীক্ষা-নিরীক্ষা করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন পর্যায় পর্যন্ত কোন কোন ধরণের অস্ত্র দেয়া যায়, অস্ত্রের সংরক্ষণ ও ব্যবস্থাপনা এবং প্রশিক্ষণের সুপারিশসহ প্রতিবেদন প্রদান করবেন। সে অনুযায়ী উপদেষ্টা কমিটির পরবর্তী সভায় বিষয়টি চূড়ান্ত করা হবে।	সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।	পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা / প্রশাসন)

২	দেশীয় ও আন্তর্জাতিক কুরিয়ার সার্ভিস ও এক্সপোর্ট কার্গোর উপর নজরদারি	মাদক পাচার রোধে জাতীয় এবং আন্তর্জাতিক ডাক ও কুরিয়ার সার্ভিসসমূহ পার্শ্বেল প্রেরণকারীর পূর্ণাঙ্গ নাম-ঠিকানা, ছবি ও এনআইডি'র ফটোকপি সংরক্ষণ করবেন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর / সভাপতি, বেসরকারী কুরিয়ার সার্ভিস সমিতি।	পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)
৩	বন্দরসমূহে আধুনিক স্ক্যানার স্থাপন ও ডগ স্কোয়াড মোতায়েন	বিমান বন্দরগুলোতে মাদক সনাক্তকরণের জন্য ডগ স্কোয়াড এর বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর একটি প্রকল্প প্রণয়ন করে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। পাশাপাশি বন্দরসমূহে আধুনিক স্ক্যানার স্থাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা / প্রশাসন)
৪	মোবাইল ট্র্যাকারে Access এর ব্যবস্থা	(ক) মাদক চোরাকারবাকারী ও মাদক অপরাধের সাথে সংশ্লিষ্ট সিন্ডিকেট এর তথ্য উদঘাটন ও অবস্থান নির্ণয়ের স্বার্থে এনটিএমসি'তে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে। (খ) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় লিখিত আদেশের মাধ্যমে উক্ত কর্মকর্তাকে এনটিএমসি তে Access প্রদান করবেন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ/ মহাপরিচালক, এনটিএমসি/ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা / প্রশাসন)
৫	কোভিড-১৯ (নোভেল করোনা ভাইরাস) এর কারণে পরিবর্তিত পরিস্থিতিতে মাদকবিরোধী জন সচেতনতামূলক কার্যক্রম	(ক) তথ্য মন্ত্রণালয় এবং বাংলাদেশ টেলিভিশন মালিক সমিতি (ATCO) এর নেতৃ-বৃন্দের সাথে আলোচনা করে কোভিড-১৯ এর কারণে পরিবর্তিত পরিস্থিতিতে মাদকবিরোধী টিভিসি, শর্টফিল্ম ইত্যাদি গণসচেতনতামূলক কার্যক্রমকে গণ-যোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।	সিনিয়র সচিব/সচিব, সুরক্ষা সেবা বিভাগ/ তথ্য মন্ত্রণালয়/ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (নিরোধ শিক্ষা)
		(খ) কোভিড-১৯ এর কারণে পরিবর্তিত পরিস্থিতিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাদকবিরোধী গণ-সচেতনতামূলক কার্যক্রম কিভাবে এগিয়ে নেওয়া যায় সে বিষয়ে কর্ম পরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়ন করবেন।	সিনিয়র সচিব/সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ পররাষ্ট্র মন্ত্রণালয়/ সুরক্ষা সেবা বিভাগ/ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (নিরোধ শিক্ষা)

৬	বিদেশগামী কর্মীদের মাদক অপরাধ ও মাদকাসক্তির কুফল সম্পর্কে সচেতন করা	(ক) জনশক্তি রপ্তানীকারকদের মাধ্যমে এবং বিদেশগামীদের প্রশিক্ষণকালে মাদকের কুফল সম্পর্কে সচেতন করার ব্যবস্থা গ্রহণের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (নিরোধ শিক্ষা)
		(খ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিদেশগামী কর্মীদেরকে মাদক অপরাধ ও মাদকাসক্তির কুফল সম্পর্কে সচেতন করার ব্যবস্থা গ্রহণ করবেন।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়/ চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড	পরিচালক (নিরোধ শিক্ষা)
		(গ) বিদেশে অবস্থানরত কর্মীদেরকে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস মাদক অপরাধ ও মাদকাসক্তির কুফল সম্পর্কে সচেতন করার ব্যবস্থা গ্রহণ করবেন।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (নিরোধ শিক্ষা)
৭	শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কার্যক্রম	ক) শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটির কর্মপরিধি (TOR) অনুযায়ী প্রণীত বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (নিরোধ শিক্ষা)
		(খ) মাদকের ক্ষতিকর দিক সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সচেতন করার লক্ষ্যে পাঠ্যপুস্তকে মাদকের কুফল সম্পর্কিত অধ্যায়গুলো অন্তর্ভুক্ত করার বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রস্তাবিত বিষয়গুলোর মধ্যে যেগুলো ২০২১ সালের পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা সম্ভব হয়নি সেগুলো আগামী ২০২২ সালের পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার জন্য শিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ করা হলো।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়/ চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড	পরিচালক (নিরোধ শিক্ষা)
৮	মাদকাসক্তদের চিকিৎসা সুবিধা সম্প্রসারণ	মাদকাসক্তদের চিকিৎসার মাধ্যমে সুস্থ করে স্বাভাবিক জীবনে ফিরে আনার লক্ষ্যে মাদকাসক্তদের চিকিৎসা সুবিধা সম্প্রসারণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
৯	মাদকাসক্ত সনাক্তকরণে ডোপটেস্ট প্রবর্তন	(ক) নতুন চাকুরিতে নিয়োগকালে এবং সকল গাড়ীচালকদের আবশ্যিকভাবে ডোপটেস্ট করতে হবে।	সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় / মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ চেয়ারম্যান, বিআরটিএ।	পরিচালক (প্রশাসন/ চিকিৎসা ও পুনর্বাসন)
		(খ) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে ডোপটেস্ট বিধিমালা চূড়ান্ত করবেন।		
১০	মাদকাসক্তদের পুনর্বাসন	সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে চিকিৎসাপ্রাপ্ত মাদকাসক্ত রোগীদের পুনর্বাসনের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজ সেবা অধিদপ্তর এবং মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের সাথে প্রয়োজন অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক	সিনিয়র সচিব/সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/ সমাজ কল্যাণ মন্ত্রণালয়/ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ যুব উন্নয়ন অধিদপ্তর/	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)

		MoU করার উদ্যোগ গ্রহণ করবেন।	সমাজসেবা অধিদপ্তর/ মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর।	
১১	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে একটি নীতিমালা প্রণয়নের জন্য কারিগরি কমিটি গঠন	প্রস্তাবিত 'বেসরকারি মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা-২০২০' চূড়ান্ত হওয়ার পর মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কারিগরি কমিটি গঠনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (চিকিৎসা ও পুনবাসন)
১২	বোর্ড তহবিল	বিলুপ্তকৃত জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ড তহবিলে জমাকৃত অর্থ দিয়ে মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন/ মাদকবিরোধী প্রচারণা কার্যক্রম বাস্তবায়ন করার জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।	সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ/ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (প্রশাসন)
১৩	অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের রেশন ও ঝুঁকিভাতা প্রদান	(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর রেশনের প্রাধিকার প্রাপ্ত অন্যান্য সংস্থার ন্যায় অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাদেরকে রেশনের আওতায় আনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) অধিদপ্তরের মাদকবিরোধী অভিযান পরিচালনাকারী কর্মকর্তা-কর্মচারীদের ঝুঁকিভাতা প্রদানের বিষয়ে আরও যাচাই-বাছাই করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ/ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (প্রশাসন)
১৪	আইন ও বিধিমালা	নতুন আইনের আলোকে বিধিমালা প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ/ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (প্রশাসন)
১৫	মাদক সংক্রান্ত মামলা দ্রুত নিষ্পত্তি	সারাদেশে মাদক সংক্রান্ত মামলাগুলোর বিচার কার্যক্রম দ্রুত সম্পন্নের লক্ষ্যে প্রতি জেলায় বিশেষ এখতিয়ার সম্পন্ন আদালত গঠনের জন্য আইন মন্ত্রণালয়কে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সিনিয়র সচিব/সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়/ সুরক্ষা সেবা বিভাগ/ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (প্রশাসন)
১৬	আর্ন্তজাতিক দ্বি-পাক্ষিক	মাদকদ্রব্যের চোরাচালান রোধে প্রতিবেশী দেশসমূহের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এবং দ্বি-	সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ/	পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)

	সম্পর্ক।	পাক্ষিক, ত্রি-পাক্ষিক বৈঠকসহ প্রচলিত ডিসি-ডিএম সভা অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে ভার্চ্যুয়াল বৈঠক/সভা করা যেতে পারে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	)

০৪। সভায় আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি মাদকের কড়াল গ্রাস হতে যুব সমাজকে রক্ষা ও মাদকমুক্ত বাংলাদেশ গড়তে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আহসানুল জব্বার)
মহাপরিচালক

নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.১৮.৩৯২.১৯-১০৪৪

তারিখ: ১৫ ফাল্গুন, ১৪২৭ / ২৮ ফেব্রুয়ারি , ২০২১

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):
০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,প্রধান কার্যালয়, ঢাকা/ চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
০৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
০৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোয়েন্দা শাখা/বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫। সিষ্টেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। রেসিডেন্ট সাইক্রিয়াস্টিক, বিভাগীয় মাদকদ্রব্য নিরাময় কেন্দ্র, চট্রগ্রাম/খুলনা/রাজশাহী।
০৭। উপ পরিচালক(-------------), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা কার্যালয়/ মেট্রো কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,-----------------।
০৮। সহকারী পরিচালক(-------------), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ জেলা কার্যালয়/মেট্রো কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,-----------------।
০৯। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। মহাপরিচালক এঁর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অতিরিক্ত মহাপরিচালক এঁর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

২৮.০২.২০২১
(মো: আজিজুল ইসলাম)
পরিচালক (প্রশাসন ও অর্থ)